

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোসাইরহাট, শরীয়তপুর
www.gosairhat.shariatpur.gov.bd

স্মারক নং: ০৫.৩০.৮৬৩৬.০০০.৩০.০০২.২৩-


তারিখ: ০৬.০৭.২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে "আমার চোখে বঙ্গবন্ধু" বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল;

প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট আগামী ১৬ই জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে।
- ঝ) ভিডিও সম্পাদনের সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিও উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিওর মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণী, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর- ০১৭০১২৬৭৯৯০, ইমেইল unogoshairhat@mopa.gov.bd বিকল্প যোগাযোগ নাম্বার ০১৭১৮৩৫৮০৯৮ mahinshohagict@gmail.com



(কাফী বিন কবির)
উপজেলা নির্বাহী অফিসার
গোসাইরহাট, শরীয়তপুর
মোবাইলঃ ০১৭০১২৬৭৯৯০

স্মারক নং: ০৫.৩০.৮৬৩৬.০০০.৩০.০০২.২৩-

তারিখ: ০৬.০৭.২০২৩ খ্রি.

অনুলিপি সদর জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, শরীয়তপুর।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোসাইরহাট, শরীয়তপুর।
৩. উপজেলা শিক্ষা অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোসাইরহাট, শরীয়তপুর গোসাইরহাট উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
৪. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর গোসাইরহাট, শরীয়তপুর।
৫. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক.....(সকল শিক্ষা প্রতিষ্ঠান), গোসাইরহাট, শরীয়তপুর।
৬. জনাব


উপজেলা নির্বাহী অফিসার
গোসাইরহাট, শরীয়তপুর